

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ শাখা
www.moestab.gov.bd


নং-০৫.২০২.০২২.০০.০০.০৮০.৯২-৫১(৫০)

তারিখঃ ০২ ফাল্গুন ১৪১৬ বঙ্গাব্দ
১৪ ফেব্রুয়ারি ২০১০ খ্রিষ্টাব্দ

পরিপত্র

সরকার গত ২৯-০৮-১৯৯২ তারিখের সম(বিঃপ্রঃ)-৮০/৯২-৫১৮(৫০০) সংখ্যক আদেশ অনুযায়ী বেসামরিক সরকারী কর্মকর্তাগণের বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চশিক্ষা সম্পর্কিত নীতি ও পদ্ধতি জারি করেছেন। পরবর্তীতে গত ২২-১১-১৯৯৩ তারিখে সম(বিঃপ্রঃ)-৮০/৯২-৫৯৭(৫০) সংখ্যক স্মারকে জারিকৃত পরিপত্রের মাধ্যমে বৈদেশিক বৃত্তির জন্য নির্বাচিত প্রার্থীর বৈদেশিক প্রশিক্ষণের সম্পূর্ণ মেয়াদটিকে শ্রেণণ হিসেবে গণ্য করার জন্য ব্যাখ্যা প্রদান করা হয়। শ্রেণণ সংক্রান্ত উক্ত ব্যাখ্যা বৈদেশিক উচ্চ শিক্ষার ক্ষেত্রে প্রযোজ্য হবে কি না অথবা উক্ত রূপ শ্রেণণের শর্ত কী হবে এ সংক্রান্ত বিষয়ের ২২-১১-১৯৯৩ তারিখে সম(বিঃপ্রঃ)-৮০/৯২-৫৯৭(৫০) সংখ্যক স্মারকে জারিকৃত পরিপত্রের 'গ' অনুচ্ছেদে প্রদত্ত ব্যাখ্যাটি নির্দেশক্রমে স্পষ্ট করা হলোঃ

- (গ) বৈদেশিক সরকার বা দাতা সংস্থা কর্তৃক প্রদত্ত অথবা ব্যক্তিগত উদ্যোগে সংগৃহীত সম্পূর্ণ অর্ধায়ন সম্পন্ন বৈদেশিক বৃত্তির জন্য নির্বাচিত প্রার্থীর বিদেশে উচ্চ শিক্ষা এবং বৈদেশিক প্রশিক্ষণের (নির্ধারিত কোর্সের) সম্পূর্ণ মেয়াদটি শ্রেণণ হিসেবে গণ্য হবে। তবে শর্ত থাকে যে এরূপ শ্রেণণ সুবিধা পাওয়ার জন্য ক্যাডারভুক্ত কর্মকর্তাকে প্রয়োজনীয় বিভাগীয় প্রশিক্ষণ সমাপ্তিসহ চাকুরিতে স্থায়ী হতে হবে এবং অন্যান্য কর্মকর্তার ক্ষেত্রে প্রয়োজনীয় বিভাগীয় প্রশিক্ষণ সমাপ্তিসহ চাকুরিতে স্থায়ী/কমপক্ষে ০৫(পাঁচ) বছরের চাকুরীকাল পূর্ণ করতে হবে। কর্তৃগণের বিবেচনায় উপযুক্ত মনে হলে একজন কর্মকর্তা সমগ্র চাকুরি জীবনে বিদেশে উচ্চশিক্ষা এবং পেশাদারী প্রশিক্ষণের জন্য মোট পাঁচ বছর এ সুযোগ পেতে পারেন। কোর্সের প্রয়োজন অনুযায়ী একাদিক্রমে (in continuation) সর্বোচ্চ চার বছর এবং পরবর্তীতে এক বছর পর্যন্ত এর মেয়াদ বর্ধিত করে তা জাতীয় শ্রেণণ মঞ্জুর করা যাবে।



(মোঃ আলমগার হোসেন)

সহকারী সচিব (বিঃপ্রঃ)

ফোনঃ ৭১৬৯৪০৯

sasft@moestab.gov.bd

বিতরণঃ

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/
মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ০২। সচিব/ভারপ্রাপ্ত সচিব,
মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
- ০৩। অতিরিক্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। যুগ্ম-সচিব (এপিডি/প্রশাসন/সিপিটি/বিবি/সংব্য/শৃঙ্খলা ও তদন্ত), সংস্থাপন মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। বিভাগীয় কমিশনার(ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল ও সিলেট)।
- ০৬। জেলা প্রশাসক, (সকল)।
- ০৭। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরবর্তী সরকারি গেজেটের বিশেষ সংখ্যার প্রকাশের অনুরোধসহ)।
- ০৮। উপ-সচিব/সিনিয়র সিস্টেমস এনালিস্ট, সিএচবি, সংস্থাপন মন্ত্রণালয়, ঢাকা (সংস্থাপন মন্ত্রণালয়ের গুয়েবসাইটে পরিপত্রটি প্রদর্শনের অনুরোধসহ)।
- ০৯। উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব/সিনিয়র এসআইনস্ট অফিসার/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব/সহকারী প্রধান (সকল),
সংস্থাপন মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, ঢাকা।